

আইকিউএসির উদ্যোগে ফিজিওলজি বিভাগের কর্মশালা অনুষ্ঠিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর উদ্যোগে আজ বৃহস্পতিবার ৩ মে ২০১৮ইং তারিখে ফিজিওলজি বিভাগের লেকচার রুমে “পোস্ট সেলফ-এ্যাসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান এট প্রোথ্রাম লেভেল অফ ফিজিওলজি ডিপার্টমেন্ট” শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান। সভাপতিত্ব করেন ফিজিওলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সেলিনা বেগম। আরো উপস্থিত ছিলেন আইকিউএসি-এর পরিচালক অধ্যাপক ডা. মোঃ শফিকুল ইসলাম, অতিরিক্ত পরিচালক সহযোগী অধ্যাপক ডা. হরষিত কুমার পাল, অতিরিক্ত পরিচালক ডা. তারেক রেজা আলী প্রমুখ।

